



জাতীয় চাঁদ দেখা কমিটির বৈঠক বৃহস্পতিবার



ইসলামিক ফাউন্ডেশনের লোগো। ছবি: সংগৃহীত

পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখার তথ্য যাচাই এবং পবিত্র ঈদুল ফিতরের তারিখ নির্ধারণে বৃহস্পতিবার (১৯ মার্চ) বৈঠকে বসছে জাতীয় চাঁদ দেখা কমিটি। বুধবার (১৮ মার্চ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানিয়েছে ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদ প্রাঙ্গণে ইসলামিক ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে সন্ধ্যা ৬টায় বৈঠক শুরু হবে। এতে সভাপতিত্ব করবেন ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ।

বাংলাদেশের আকাশে কোথাও শাওয়ালের চাঁদ দেখা গেলে নির্ধারিত হটলাইন নম্বরে তথ্য জানানোর অনুরোধ করা হয়েছে। পাশাপাশি সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী কর্মকর্তাকেও বিষয়টি অবহিত করতে বলা হয়েছে।

LENS ASIA